দৈনিক ইত্তেফাক 16

তারিখ 2 MAY 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬

# বরিশালে পাঁচটি ডিগ্রী পরীক্ষা কেন্দ্র বাতিল

বরিশাল অফিস ॥ জাতীয় বিশ্ববিদ্যালয় এ জেলার ৪টি ডিগ্রী কেন্দ্র ও ১টি উপকেন্দ্র বাতিল করিয়াছে। কেন্দ্রগুলি হইতেছে: মুলাদী, বাকেরগঞ্জ, গৌরনদী ও

(১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বরিশালে ৫টি

(১ম পৃঃ পর)

উজিরপুরের বি,এন, খান কলেজ এবং শহরের সিটি কলেজ। এ কলেজের পরীক্ষার্থীদের সংখ্যা প্রতিটিতে একশতের নীচে হওয়ায় বিশ্ববিদ্যালয় কেন্দ্র বাতিল করিয়াছে। ডিগ্রী পরীক্ষা তিন সপ্তাহ পর শুরু হইতেছে। এ মুহূর্তে কেন্দ্র পরিবর্তন হওয়ায় পরীক্ষার্থীরা বিপাকে পড়িয়াছে। শত শত পরীক্ষার্থীকে এ শহরে অবস্থান করিয়া পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে অথচ গত বছরও কেন্দ্রগুলি চালু ছিল। নূতন নির্দেশ অনুসারে জেলার ৭টি কেন্দ্র ও ৪টি উপকেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। কেন্দ্রগুলি হইতেছে: বি, এম, কলেজ পাতারহাট কলেজ, চাখার কলেজ, বাকুদিয়া কলেজ, ধামুরা কলেজ, শিকারপুর কলেজ ও কলসকাঠি কলেজ। উপকেন্দ্র হইতেছে সরকারী মহিলা কলেজ, বরিশাল কলেজ, ইসলামিয়া কলেজ, হাতেম আলী কলেজ। বাতিলকৃত কেন্দ্রের মধ্যে বি, এন, খান কলেজের পরীক্ষার্থীদের বরিশাল কলেজে ও অন্য ৪টি কেন্দ্রের পরীক্ষার্থীদের বি, এম, কলেজ কেন্দ্রে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা হইয়াছে।